দৈনিক বাংলা

১৩৭

তারিখ ৮।১২।৮১
পৃষ্ঠা ৯ কলাম ৫

## তেজগাঁ কলেজে ১০ লাখ টাকা দান

প্রেসিডেন্ট জিয়াউর রহমান শনিবার তেজগাঁ কলেজ পরিদর্শন করেন। বাসস জানায় যে এ উপলক্ষে কলেজ প্রাঙ্গণে তাঁকে প্রদত্ত এক সংবর্ধনায় ভাষণদানকালে তিনি কলেজকে একটি পূর্ণাঙ্গ শিক্ষাপ্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার আহ্বান জানান।

প্রেসিডেন্ট বলেন যে আগামী দু বছরের মধ্যে কলেজের সার্বিক উন্নয়নের জন্য একটি পরিকল্পনা হাতে নেয়া হবে। তিনি কলেজের উন্নয়নের জন্যে ১০ লাখ টাকা মঞ্জুরী ঘোষণা করেন।

প্রেসিডেন্ট কলেজের জন্য আধুনিক ল্যাবরেটরী, লাইব্রেরী, ক্লাস কক্ষ প্রভৃতি উত্তম শিক্ষাগত সুযোগ সুবিধার ব্যবস্থা করার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন এবং ছাত্রদের প্রতি যোগ্য নাগরিক

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## তেজগাঁ কলেজ

(১ম পৃঃ পর)

হওয়ার জন্য লেখাপড়ায় আত্মনিয়োগের আহ্বান জানান। তিনি আশা করেন যে কলেজটি আগামী দু বছরের মধ্যে নিজের পায়ে দাঁড়াতে সক্ষম হবে।

প্রেসিডেন্ট কলেজের বিভিন্ন বিভাগ ঘুরে দেখেন।

কৃষি ও বনমন্ত্রী জনাব নুরুল ইসলাম অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। ঢাকা পৌর কর্পোরেশনের মেয়র জনাব আবুল হাসনাত এবং কলেজের অধ্যাপক জনাব তোফায়েল আহমদ চৌধুরীও অনুষ্ঠানে ভাষণ দেন।